

স্নাতক বাংলা অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা বিভাগ

কোর্স : ইউ.জি. (মাইনর) ৪.১

বিষয় : উনিশ শতকের বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। উনবিংশ শতকের ইংরেজি ও বাংলা নববর্ষের চিত্র কবিতায় কীভাবে ফুটে উঠেছে তা তোমার পঠিত কবিতাগুলি অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

২। ‘সোমের প্রতি তারা’ পত্রকাব্যটিতে সোমের উদ্দেশে তারার প্রেম নিবেদনের মধ্যে নারীর ‘বীরঙ্গনা’ পরিচয় কি ফুটে উঠেছে? তোমার মতামত জানাও। ১০

৩। ‘প্রহসন’ কাকে বলে? ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসন হিসাবে কতখানি সার্থক সে বিষয়ে তোমার মতামত লেখো। ১০

অথবা

৪। ‘নীলদর্পণ’ নাটকটি কি একটি ‘অ্যাবলিশনিষ্ট’ রচনা? তোমার মতামত লেখো। ১০

৫। ‘হিন্দু অবলাকুলের বিদ্যাভ্যাস ও তাহার সমুন্নতি’ প্রবন্ধে কৈলাসবাসিনী দেবী স্ত্রীশিক্ষার বিরুদ্ধে রক্ষণশীল সমাজের কোন কোন যুক্তিগুলির কথা উল্লেখ করেছেন তা উল্লেখ করো। এই প্রবন্ধে কি পুরুষতন্ত্রের চেনা স্বরেরই প্রতিধ্বনি শোনা যায়? এই সম্পর্কে তোমার মতামত দাও। ১০

অথবা

৬। ‘বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব’-এ বিদ্যাসাগর বলেছেন যে ‘পরাশর সংহিতা’ই কলির একমাত্র ধর্মশাস্ত্র। সমাজ সংস্কারের হাতিয়ার হিসেবে এখানে শাস্ত্রকে তিনি কীভাবে ব্যবহার করেছেন তা আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

৭। ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে উইল কি শেষ পর্যন্ত উপলক্ষ হয়ে থাকে, যেখানে উপন্যাসের প্রধান সমস্যাগট আসলে সম্পূর্ণ ভিন্ন? এ বিষয়ে তোমার ভাবনা জানাও। ১০

অথবা

৮। ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের পরিণতি কি উপন্যাসের গড়ে ওঠার সঙ্গে সংগতিপূর্ণ? এই পরিণতি তোমার কাছে কতদূর গ্রহণযোগ্য? ১০

